প্রজ্ঞাপন

তারিখ, ২৯ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ/১৪ অক্টোবর, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ৩৫৪-আইন/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, "The Fael Khair Programme" এর অধীন বাংলাদেশে গৃহীতব্য প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত Islamic Development Bank (IDB) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এর Article 6.04(a) মোতাবেক IDB কর্তৃক গৃহীত প্রকল্প (BDI-00) বাস্তবায়নকল্পে প্রকল্প চলাকালীন মেয়াদে সরকার কর্তৃক নির্বাচিত প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে মালামাল আমদানি, প্রকল্প বাস্তবায়ন এবং সরবরাহ পর্যায়ে উৎসে আয়কর হইতে অব্যাহতি (Exemption) প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উল্লিখিত প্রকল্প (BDI-00) বাস্তবায়নের নিমিত্ত নির্বাচিত প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহ করযোগ্য সত্তা বিধায় এই প্রকল্প হইতে অর্জিত ঠিকাদারী বা সকল আয় করযোগ্য আয় হিসেবে বিবেচিত হইবে এবং তদনুযায়ী এই আয়ের উপর আয়কর ধার্য হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মোঃ বশির উদ্দিন আহমেদ**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ মাঘ, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জানুয়ারী, ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ৩২-আইন/২০১৩।**–Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৯ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ১৪ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৫৪-আইন/২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) প্রস্তাবন অংশে "অব্যাহতি (Exemption) প্রদান করিল:" শব্দগুলি, বন্ধনী এবং কোলন চিহ্নের পরিবর্তে "এবং School-cum-Cyclone Shelters নির্মাণ প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের উক্ত প্রকল্প হইতে অর্জিত সকল

আয়কে আয়কর অব্যাহতি (Exemption) প্রদান করিল।" শব্দগুলি, চিহ্নগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) শর্তাংশ বিলুপ্ত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মোঃ বশির উদ্দিন আহমেদ**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)